

া পবিত্র বাইবেল পরিচিতি ও পর্যালোচনা

বিভাগ/অধ্যায়ঃ অষ্টম অধ্যায় - অযৌক্তিকতা ও অশালীনতা রচয়িতা/সঙ্কলকঃ ড. খোন্দকার আব্দুল্লাহ জাহাঙ্গীর (রহ.)

৮. ১. ১১. ৩. শুধু কুমারীদেরকেই এভাবে ধর্ষণ-বিবাহ করা যাবে

উপরে আমরা দেখেছি যে, জবরদন্তি বিবাহ বা ধর্ষণের ক্ষেত্রে পুরুষ, বিবাহিত মহিলা ও ছেলেমেয়ে নির্বিশেষে সকল শিশুকে হত্যা করতে হবে। শুধুই কুমারীদের 'বিবাহ' বা 'ভোগ' করা যাবে। এ বিষয়টা বাইবেল বারবার নিশ্চিত করেছে। মাদিয়ানীয়দের সংগে যুদ্ধের পরে বনি-ইসরাইলরা সকল পুরুষ যুদ্ধবন্দিকে হত্যা করে। তবে নারী ও শিশুদের বাঁচিয়ে রাখে। এতে মূসা (আ.) প্রচণ্ড ক্রুদ্ধ হন। তিনি তাৎক্ষণিক বিবাহিত নারী ও শিশুদের সকলকে হত্যা করে শুধু কুমারীদের ভোগের জন্য বাঁচিয়ে রাখার নির্দেশ দেন। বাইবেলের বর্ণনা দেখুন:
"মাবুদের হুকুম মতই তারা মাদিয়ানীয়দের সংগে যুদ্ধ করে সমস্ত পুরুষ লোকদের হত্যা করল। ... তারা মাদিয়ানীয়দের স্ত্রীলোক ও ছেলে-মেয়েদের বন্দী করল আর তাদের সমস্ত গরু, ছাগল ও ভেড়ার পাল এবং জিনিসপত্র লুট করে নিল। ... মূসা তাদের উপর রেগে গিয়ে জিজ্ঞাসা করলেন, 'তোমরা তাহলে সমস্ত স্ত্রীলোকদের বাঁচিয়ে রেখেছ! ... এখন তোমরা এই সব ছেলেদের এবং যারা অবিবাহিতা সতী মেয়ে নয় এমন সব স্ত্রীলোকদের হত্যা কর; কিন্তু যারা অবিবাহিতা সতী মেয়ে তাদের জন্য বাঁচিয়ে রাখ'।" (গণনা/ শুমারী ৩১/৭-১৮)

Source — https://www.hadithbd.com/books/link/?id=14441

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন